বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

সার্কুলার নং-১১/২০১৭ এ,

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
০৯ মে ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বিদেশ গমনের ক্ষেত্রে আবশ্যিকভাবে সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ সংক্রান্ত।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১১৬ অনুচ্ছেদ অনুযায়ী বিচার-কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিদের এবং বিচার বিভাগীয় দায়িত্বপালনরত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ,পদোন্নতিদান ও ছুটি মঞ্জুরীসহ) ও শৃঙ্খলাবিধান মহামান্য রাষ্ট্রপতির উপর ন্যস্ত এবং সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তা প্রযুক্ত হয়। ফলে, বিচার বিভাগীয় কর্মকর্তার কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান, বিদেশ গমন ও চাকরির অন্যান্য শর্তাবলী ইত্যাদি সকল বিষয় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নির্ধারণ করা অনস্বীকার্য। ফলে বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সুপ্রীম কোর্ট, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয়, নির্বাচন কমিশন সচিবালয় বা অন্য কোনো কর্তৃপক্ষের অফিসে প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে দায়িত্ব পালনকালে তাঁদের চাকরির শর্তাবলী, বিদেশ গমন ইত্যাদি সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে আবশ্যিকভাবে পরামর্শ গ্রহণের বিষয়টি নিশ্চিত করা আবশ্যক।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১০৯ অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিকট ন্যস্ত আছে। বিচার বিভাগ এবং বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সকল ক্ষেত্রে এবং সর্বাবস্থায় প্রজাতন্ত্রের অন্য সকল কর্মকর্তা-কর্মচারী বা সার্ভিস থেকে ভিন্নভাবে বিবেচিত। কারণ, একমাত্র এই সার্ভিসের সদস্যগণের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ,পদোন্নতিদান ও ছুটি মঞ্জুরীসহ) ও শৃঙ্খলাবিধান মহামান্য রাষ্ট্রপতির উপর ন্যস্ত এবং সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তা' প্রযুক্ত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১০৯, ১১৬ ও ১১৬ক অনুচ্ছেদ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সিভিল আপীল নম্বর-৭৯/১৯৯৯ মামলার রায়ে দেশের সর্বোচ্চ আদালত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস ও এই সার্ভিসের সদস্যগণকে অন্য সকল সার্ভিস থেকে পৃথক এবং স্বতন্ত্র্য মর্যাদা প্রদান করেছে। ফলে, বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সংবিধানের ১১৬ অনুচ্ছেদ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের বিগত ১৯/০৬/২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) নং পরিপত্র পৃথকভাবে নয় বরং একত্রে পাঠ করতে হবে। বিচার বিভাগীয় কর্মকর্তাগণ যেখানেই (বিচারকর্মে, প্রেষণে বা অন্যবিধভাবে) কর্মরত থাকেন না কেনো সর্বাবস্থায় বিচার বিভাগীয় কর্মকর্তাই থাকেন। কেবলমাত্র, প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে বিভিন্ন দপ্তর বা কার্যালয়ে দায়িত্ব পালনের কারণে বিচার বিভাগীয় কর্মকর্তা তাঁর নিজ সার্ভিস সদস্যের বৈশিষ্ট্য হতে বিচ্যুত হন না বা এরূপ বিবেচনারও কোনো সুযোগ নেই। ফলে, এক্ষেত্রে বিচার বিভাগীয় কর্মকর্তাগণ প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে দায়িত্ব পালনকালেও তাঁদের বিদেশ গমন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ বাধ্যতামূলক।

০৪। এমতাবস্থায়, বিচারিক পদে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয়, নির্বাচন কমিশন সচিবালয় বা অন্য কোনো কর্তৃপক্ষের অফিসে প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে সুপ্রীম কোর্টের পরামর্শ ব্যতিরেকে বিদেশ

গমন না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। সুপ্রীম কোর্টের পরামর্শ ব্যতিরেকে বিচারিক পদে কর্মরত, প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ বিদেশ গমন করলে এই সার্কুলারে প্রদত্ত আদেশ লংঘনের দায়ে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১০৭ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে প্রণীত Supreme Court of Bangladesh (High Court Division) Rules, 1973 এর Chapter-IA এর বিধি-৭ ও ১৯বি অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

স্বা/-
(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
E-mail: registrar_hcd@supremecourt.gov.bd

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

২। জেলা ও দায়রা জজ,.......................................................................(সকল)
(আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

৩। মহানগর দায়রা জজ,.......................................................................(সকল)
(আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

৪। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (কমিশনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

৫। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা (কমিশনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

৬। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (জাতীয় সংসদ সচিবালয়ে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

৭। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।

৮। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত,.......................................(সকল)।

৯। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,.......................................(সকল)।

১০। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,.......................................(সকল)।

১১। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,.......................................(সকল)।

১২। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।

১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,.......................................(সকল)
(আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত,.......................................(সকল)।

১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত.......................................(সকল)।

১৭। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা (আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

১৮। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল.......................................(সকল)।

১৯। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা (আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

২০। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।

২১। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।

২২। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৩। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৪। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৫। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা (আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
২৬। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা (কমিশনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
২৭। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা (আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
২৮। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা (ইন্সটিটিউটে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
২৯। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা (কমিশনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
৩০। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩১। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), ঢাকা।
৩৩। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৪। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,............................................................................(সকল)
(আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
৩৬। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,............................................................................(সকল)
(আপনার অধীনে দায়িত্ব পালনরত বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
৩৭। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৮। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪০। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪১। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৯/৫/১৭

(সোহাগ রঞ্জন পাল)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ভারপ্রাপ্ত